



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৪০.০০১.২০.৫৭

তারিখ: ১৬ আষাঢ়. ১৪২৮

৩০ জুন ২০২১

বিষয়: কমিশন কর্তৃক অনুমোদিত Revised Outcome Based Education (OBE) Curriculum Template অনুসরণ প্রসংগে

সূত্র: ৩৭.০১.০০০০.১৭২.০১.০০১.১৮.২৩৭৬ তারিখ: ১৭/০৬/২০২০

উর্পযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কমিশন কর্তৃক প্রণীত ও ১৫৭ তম পূর্ণ কমিশন সভায় অনুমোদিত Outcome Based Education (OBE) Curriculum Template অনুসরণ ও বাস্তবায়নের জন্য সূত্রোক্ত পত্রে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছিল। পরবর্তীতে উক্ত Outcome Based Education (OBE) Curriculum Template এবং এর মূল্যায়ন অংশ (Assessment Part) অধিকতর যাচাই-বাছাইপূর্বক সংশোধিত সংস্করণ প্রণয়নের লক্ষ্যে কমিশন কর্তৃক একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়।

২। উক্ত বিশেষজ্ঞ কমিটি Outcome Based Education (OBE) Curriculum Template প্রণয়নপূর্বক কমিশনে দাখিল করে। বিশেষজ্ঞ কমিটি কর্তৃক দাখিলকৃত OBE Curriculum Template টি ২৪ জুন ২০২১ তারিখ কমিশন কর্তৃপক্ষের প্রশাসনিক অনুমোদন লাভ করে।

৩। একথা অনস্বীকার্য যে, উচ্চশিক্ষার কাঙ্ক্ষিত মান অর্জন নিশ্চিতকরণের ক্ষেত্রে আধুনিক ও যুগোপযোগি শিক্ষাক্রম, বিষয়ের বৈচিত্র্য আনয়ন এবং বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে নবতর জ্ঞানের দিগন্ত উন্মোচন অপরিহার্য উপাদান। তাই স্মারকের বর্ণিত পূর্বোক্ত নির্দেশনা বৈশ্বিক প্রেক্ষাপট ও গুণগত মানসম্পন্ন উচ্চশিক্ষা ও গবেষণা নিশ্চিতকরণে OBE বাস্তবায়ন জরুরি বলে কমিশন মনে করে।

৪। এমতাবস্থায়, কমিশন অনুমোদিত Outcome Based Education (OBE) Curriculum Template এর সংশোধিত সংস্করণ আপনার বিশ্ববিদ্যালয়ে চলমান সকল প্রোগ্রামসমূহে যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে (সংযুক্তি-ক) প্রেরিত হলো। বিশেষভাবে উল্লেখ্য যে, চলমান প্রোগ্রামসমূহের সিলেবাস Outcome Based Education (OBE) Curriculum Template অনুসরণে প্রস্তুতপূর্বক ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে কমিশনের বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগে যথানিয়মে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (সংযুক্তি-ক)

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



৩০-৬-২০২১

ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক/ চিফ রিসার্চ অফিসার (স্ট্র্যাটেজিক প্ল্যানিং

এন্ড কোয়ালিটি এসুরেন্স বিভাগ)

বিতরণ :

- ১) উপাচার্য (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)।
- ২) পরিচালক, আইকিউএসি (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭২.৪০.০০১.২০.৫৭/১

তারিখ: ১৬ আষাঢ়. ১৪২৮

৩০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) পরিচালক, সকল বিভাগ (পরিচালক, আইএমসিটি বিভাগ-কে ওয়েবসাইটে পুরাতন OBE Curriculum Template অপসারণপূর্বক Revised OBE Curriculum Template

আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো), ইউজিসি, ঢাকা।

২) সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

৩) রেজিস্ট্রার (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)

৪) একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

৫) সিনিয়র সহকারী সচিব, সদস্য (প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

৬) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



৩০-৬-২০২১

বিষ্ণু মল্লিক

উপ-পরিচালক (কোয়ালিটি এসুরেন্স)